

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫৩৯(আগরতলা-১২।০১)  
ধৰ্মনগর, ১২ জানুয়ারী, ২০১৮

উত্তর জেলায় ২০১৬ জন ছাত্রীকে বাইসাইকেল

চলতি অর্থ বছরে উত্তর ত্রিপুরা জেলার ২০১টি বিদ্যালয়ের নবম শ্রেণীর ২ হাজার ১৬ জন ছাত্রীকে বাইসাইকেল দেয়া হয়েছে। এর জন্য ব্যয় হয়েছে ৫৯ লক্ষ ২০ হাজার ৯৯২ টাকা। ছাত্রীদের শিক্ষায় উৎসাহ বৃদ্ধির লক্ষ্যেই এই কর্মসূচিতে বাইসাইকেল দেয়া হয়। শিক্ষা দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*